# Social & Labor Convergence Program


**কনভার্জড এসেসমেন্ট।  সমন্বিত কার্যক্রম।**
**উন্নত কর্মপরিবেশ।**

## এসএলসিপি ফেসিলিটি ট্রেনিং ওয়েবিনার
## ডেটা কালেকশন টুল

মে ২৯, ২০২৩

SOCIAL & LABOR CONVERGENCE

# আজকের ওয়েবিনারে স্বাগতম !




SOCIAL & LABOR CONVERGENCE

# আলোচ্যসূচি

| বিষয় | সময় | লক্ষ্য |
|---|---|---|
| ১) ভূমিকা | ১৫ মিনিট | বক্তাদের পরিচিতি এবং আপনার সম্পর্কে আমাদের বলুন |
| ২) এসএলসিপি সম্পর্কে | ১০ মিনিট | এসএলসিপি এবং যে সকল ব্র্যান্ড ভেরিফাইড ডেটা একসেপ্ট করে তার পরিচিতি |
| ৩) টুল এর পরিচিতি | ১৫ মিনিট | টুল এর প্রাথমিক বিষয় গুলি সম্পর্কে জানুন |
| ৪) এসেসমেন্ট এর জন্য প্রস্তুতি | ১৫ মিনিট | টুলটি পূরণ করার জন্য কী প্রয়োজন তা বুঝুন |
| ৫) টুল পরিচালনা করা | ২০ মিনিট | এফএফসি এবং হিগ এর অফলাইন টুল সম্পর্কে জানুন |
| চা/ কফি বিরতি | ৫ মিনিট | |
| ৬) টুল পূরণ করা | ২০ মিনিট | টুলটি কিভাবে সঠিকভাবে পূরণ করতে হয় তা বুঝুন |
| ৭) সাধারণ ভুল বোঝাবুঝি | ২৫ মিনিট | সাধারণ ভুলগুলো কিভাবে এড়ানো যাই তা জানুন |
| ৮) প্রশ্নোত্তর | ১৫ মিনিট | যে কোনো অস্পষ্ট বিষয়ে প্রশ্নের উত্তর জানুন |

# আপনি কি শিখবেন ?

**লক্ষ্য**

- আপনার সেলফ/জয়েন্ট-এসেসমেন্টের জন্য কিভাবে প্রস্তুতি নিবেন
- কীভাবে সঠিকভাবে টুলটি পূরণ করবেন
- সাধারণ ভুলগুলো কিভাবে এড়ানো যায়
- আপনার ভেরিফিকেশনের জন্য কিভাবে প্রস্তুতি নিবেন

**মাধ্যম**

- উপস্থাপনা
- কুইজ
- প্রশ্নোত্তর

# ভূমিকা



# স্পিকারদের সম্পর্কে জানুন



**Urtty Majumder**
Support Coordinator
Bangladesh, SLCP

*What did you want to become when you grew up?*

*Singer*



**Md Arafat Kabir**
Director (Head of Bangladesh Sustainability Cluster), Inditex

*What did you want to become when you grew up?*

Cricketer



**Abdul Alim**
President and CEO, SMS

*What did you want to become when you grew up?*

Politician

# স্পিকারদের সম্পর্কে জানুন

GCL INTERNATIONAL



**Md. Nur-E-Alam Anik**
Deputy Regional Manager (South Asia), GCL

*What did you want to become when you grew up?*

Politician

Leadership & Sustainability



**Muhammad Golam Mutakabbir**
Country Manager Bangladesh, L&S

*What did you want to become when you grew up?*

Astrophysicist

GSCS



**Fairooz Shahana**
Program Manager, GSCS International Ltd

*What did you want to become when you grew up?*

Her father

STANDARD GROUP



**Md. Rafiqul Islam**
Head of Compliance Cluster A Standard Group

*What did you want to become when you grew up?*

Footballer

SOCIAL & LABOR CONVERGENCE

# আপনি আমাকে আপনার নিজের ব্যাপারে কী বলতে পারেন?

zoom

**আমাদের বলুন**

১ ) আপনি কোথা থেকে থেকে যোগদান করছেন?

২ ) আপনি কোন ধরনের প্রতিষ্ঠানে কাজ করেন?

৩ ) আপনি কি ২০২২ সালে আমাদের কোনো প্রশিক্ষণে অংশগ্রহণ করেছিলেন?

৪ ) আপনি ইতিমধ্যে কতগুলো এসএলসিপি সেলফ-এসেসমেন্ট সম্পন্ন করেছেন?

৫ ) আপনি বড় হয়ে কি হতে চেয়েছিলেন?

# Social & Labor Convergence Program (SLCP) সম্বন্ধে প্রাথমিক ধারণা



GCL®
INTERNATIONAL

SOCIAL & LABOR
CONVERGENCE

# এসএলসিপি কি?


**অডিট ফ্যাটিগ কমাতে এবং কাজের অবস্থার উন্নতির জন্য এসএলসিপি একটি মাল্টি-স্টেকহোল্ডার উদ্যোগ।**

- সোশ্যাল কমপ্লায়েন্সজনিত তথ্য সংগ্রহ ও ভেরিফাই করার জন্য Converged Assessment Framework (CAF) ইমপ্লিমেন্ট করা হয়েছে ।
- এসএলসিপি ভ্যারিফাইড ডেটার মালিক ফেসিলিটি, এবং তারা তাদের সমস্ত তথ্য ব্যবসায়িক অংশীদারদের সাথে শেয়ার করতে পারবে।
- পুনরাবৃত্তিমূলক অডিট এর চাপ দূর করে এবং খরচ বাঁচিয়ে কারখানার উন্নয়ন কার্যক্রমের সুযোগ বৃদ্ধি করে।
- বিশ্বাসযোগ্য তথ্য প্রদান করে রিপোর্টের প্রান্তিক ব্যবহারকারীদের ডিউ ডিলিজেন্স পূরনে সহায়তা করে




# এসএলসিপি কিভাবে বিস্তৃতি লাভ করছে?

## ভেরিফাইড এসেসমেন্টের অগ্রগতি





## ২০২২ এর দেশ ভিত্তিক ভেরিফাইড এসেসমেন্টের বিন্যাস




এসএলসিপি এর ব্যবহার বিশ্বব্যাপী বিস্তৃতি লাভ করছে, ২০২২ সালের এসেসমেন্ট গুলো তার পূর্ববর্তী বছরের তুলনায় আরও বেশি বৈচিত্রপূর্ণ ছিল।

## ২০২২ এর আকার ভিত্তিক ফেসিলিটির বিন্যাস




২০২২ সালে সর্বমোট ভেরিফাইড এসেসমেন্টের ৪৯% সম্পন্ন করেছে এসএমইএস


SOCIAL & LABOR CONVERGENCE

# যে সকল ব্র্যান্ড ও স্ট্যান্ডার্ড হোল্ডাররা এসএলসিপি ডেটা গ্রহণ করে/মেনে নেয়

যেসব দেশ, বিভিন্ন স্তরের ব্র্যান্ড এবং স্ট্যান্ডার্ড হোল্ডাররা এসএলসিপি ডেটা গ্রহণ করে সে সম্পর্কে আরও বিস্তারিত জানার জন্য আমাদের ওয়েবসাইটে সম্পূর্ণ তালিকা দেখুন- website.

Updated: March 2022

# আপনি কি কি সুবিধা পেয়েছেন?



**ফেসিলিটি যা উপলব্ধি করেছে ...**

- অডিটের অর্থ ও সময়ের ব্যয় হ্রাস পেয়েছে; অডিট ফ্যাটিগ হ্রাস পেয়েছে।
- নতুন ব্যবসায়িক অংশীদারদের সাথে এসএলসিপি -এর গ্রহণযোগ্যতা ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে।
- হাই-কোয়ালিটি ডেটার মালিকানা এবং তা শেয়ারের ব্যাপারে নিয়ন্ত্রণ এসেছে।
- মূল বিষয়গুলো সনাক্তকরণ যা নিয়মতান্ত্রিক এবং টেকসই উন্নতির পরিকল্পনা করতে সাহায্য করে।

**আপনার কি অভিজ্ঞতা হয়েছে? আপনার সাফল্যের গল্পগুলি আমাদের সাথে শেয়ার করুন!**



# ডেটা কালেকশন টুল এর পরিচিতি

GCL® INTERNATIONAL

SOCIAL & LABOR CONVERGENCE

# এসএলসিপি এসেসমেন্ট প্রসেস কি ?

## এ প্রসেসে ৩টি স্টেপ রয়েছেঃ

✓ **ফেসিলিটি** নিজে (সেলফ-এসেসমেন্ট) অথবা অন্যের সাহায্যে (জয়েন্ট-এসেসমেন্ট) **ডেটা কালেকশন টুল** পূরণ করে

**ধাপ ১:**
**ডেটা কালেকশন**

**1**

✓ **ফেসিলিটি** একটি **ভেরিফায়ার বডি** নির্বাচন করে যারা সংগৃহীত তথ্য ভেরিফিকেশন করার জন্য একজন ভেরিফায়ারকে নিয়োগ করে

**ধাপ ২:**
**ডেটা ভেরিফিকেশন**

**2**

✓ **ফেসিলিটি** ভেরিফাইড ডেটা পর্যালোচনা করে ভেরিফাইড এসেসমেন্ট রিপোর্ট নির্বাচিত ব্যবসায়িক অংশীদারদের সাথে শেয়ার করতে পারে

**ধাপ ৩:**
**ডেটা শেয়ারিং**

**3**

# সেলফ/জয়েন্ট এসেসমেন্ট প্রসেস

**এসএলসিপি প্রক্রিয়ায় কেন সেলফ/জয়েন্ট এসেসমেন্ট দিয়ে শুরু হয়?**

- ✓ এসএলসিপি প্রসেস এবং ডেটার উপর ফেসিলিটি ওনারশিপ নিশ্চিত করে
- ✓ আপনার কারখানার কাজের পরিবেশ সম্পর্কে বুঝতে এবং সে সম্পর্কে বিজনেস পার্টনারদের অবহিত করতে সাহায্য করে
- ✓ ইম্প্রুভমেন্ট প্লান এর জন্য একটি শক্তিশালী ভিত্তি স্থাপন করে

**এসেসমেন্ট প্রক্রিয়ার জন্য আপনি যে প্রসেস ফলো করবেনঃ**

**প্রিপেয়ার**

আপনি সেলফ/জয়েন্ট এসেসমেন্ট করতে চান কিনা তা ঠিক করুন → আপনি টুলের যে স্টেপ সম্পূর্ণ করতে চান তা সিলেক্ট করুন → বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে ডকুমেন্ট এবং জনবল সংগ্রহ করুন

**এসেস**

টুলটি পূরণ করতে যে কোন একটি এক্রেডিটেড হোস্ট (এএইচ) প্ল্যাটফর্ম বেছে নিন → টুলের সকল প্রশ্ন সম্পূর্ণ করুন এবং তা অনলাইনে সাবমিট করুন। → আপনার ফেসিলিটি ডেটা অনলাইনে জমা দেওয়ার ২ মাসের মধ্যে ভেরিফিকেশনন নিশ্চিত করুন।

# সেলফ/জয়েন্ট এসেসমেন্ট

**সেলফ-এসেসমেন্টঃ**

যখন ফেসিলিটি তাদের ডেটা কালেকশন টুল নিজেরাই পূরণ করে।

বিঃদ্রঃ: যদিও কিছু প্রশ্নের জন্য বিজনেস পার্টনারদের সাথে আলোচনা করা হয়, তারপরেও এ রিপোর্টটি সেলফ এসেসমেন্ট হিসেবেই বিবেচিত হবে।

**জয়েন্ট-এসেসমেন্টঃ**

যখন কোন এক্সটারনাল অর্গানাইজেশন ডেটা কালেকশন টুল সম্পূর্ণ করতে সহায়তা করার জন্য ফেসিলিটির সাথে চুক্তিবদ্ধ হয় (পেইড অর আনপেইড হিসেবে )

এক্সটারনাল অর্গানাইজেশন নিম্নলিখিত বিষয়ে সাহায্য করতে পারেঃ

- ✓ প্রশ্নের উত্তর দেয়ার ক্ষেত্রে
- ✓ রিপোর্ট রিভিও এর ব্যাপারে
- ✓ ভেরিফিকেশনের জন্য প্রস্তুতির ব্যাপারে

যাদের কাছ থেকে সাহায্য নিতে পারেনঃ

- ✓ ভেরিফায়ার বডি*
- ✓ ট্রেনিং বডি
- ✓ এসএলসিপি সিগনেটরি ব্র্যান্ড, এজেন্ট অর সিভিল সোসাইটি
- ✓ সোশ্যাল রেস্পন্সিবিলিটি কনসালটেন্সি

*যদি কোন ভেরিফায়ার বডি জয়েন্ট-এসেসমেন্টের জন্য ফেসিলিটিকে সহায়তা করে, তবে তারা জয়েন্ট-এসেসমেন্ট ভেরিফাই করার জন্য একই ভেরিফায়ার বডি হতে পারবে না।

# টুল স্টেপ এবং ডেটা পয়েন্ট

| STEP 1 | STEP 2 | STEP 3 |
|---|---|---|
| FACILITY PROFILE | FACILITY PROFILE | FACILITY PROFILE |
| RECRUITMENT & HIRING | RECRUITMENT & HIRING | RECRUITMENT & HIRING |
| WORKING HOURS | WORKING HOURS | WORKING HOURS |
| WAGE & BENEFITS | WAGE & BENEFITS | WAGE & BENEFITS |
| WORKER TREATMENT | WORKER TREATMENT | WORKER TREATMENT |
| WORKER INVOLVEMENT | WORKER INVOLVEMENT | WORKER INVOLVEMENT |
| HEALTH & SAFETY | HEALTH & SAFETY | HEALTH & SAFETY |
| TERMINATION | TERMINATION | TERMINATION |
| | MANAGEMENT SYSTEMS | MANAGEMENT SYSTEMS |
| | | ABOVE AND BEYOND |

স্টেপ ১: এসেন্সিয়াল: শ্রম ও সামাজিক কমপ্লায়েন্স এর প্রশ্ন, বেশিরভাগই **আন্তর্জাতিক শ্রম মানদণ্ড (আইএলএস) এবং জাতীয় শ্রম আইন (এনএলএল) এর সাথে সংযুক্ত |**

স্টেপ ২: প্রগ্রেসিভ: সোশ্যাল কমপ্লায়েন্স ও ম্যানেজমেন্ট সিস্টেম এর উপরে লেস ক্রিটিকাল প্রশ্ন| এই প্রশ্নগুলি প্রায়শই **সোশ্যাল ইন্ডাস্ট্রি এবং সার্টিফিকেশন স্ট্যান্ডার্ডস** এ পাওয়া যায়|

**স্টেপ ৩: এডভান্স:** এবাভ অ্যান্ড বিয়ন্ড সোশ্যাল রেসপনসিবিলিটি ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড এর উপরে প্রশ্ন| ওয়ার্কস ওয়েল-বিং এন্ড কমিউনিটি ইমপ্যাক্ট উন্নত করার চেষ্টা করে|

**স্টেপ ১, ২ এবং ৩ নির্বাচন** (যেখানে স্টেপ ১ স্টেপ ২ এর অন্তর্ভুক্ত, স্টেপ ১ ও ২, স্টেপ ৩ এর অন্তর্ভুক্ত)

# দেশ-ভিত্তিক প্রশ্নসমূহ

## দেশ-ভিত্তিক প্রশ্নসমূহ কি?

ফ্যাসিলিটি প্রোফাইলে ফ্যাসিলিটির দেশ সিলেকশনের ওপর ভিত্তি করে, সেই দেশের জন্য নির্দিষ্ট প্রশ্নসমূহ টুলের স্টেপ ১-এ প্রদর্শিত হবে|

## দেশ-ভিত্তিক নির্দিষ্ট প্রশ্নসমূহ রয়েছে

জাতীয় শ্রম আইনের সাথে এই টুলের সমন্বয়কে শক্তশালী করার জন্য| বেটার ওয়ার্ক এর পরামর্শ অনুযায়ী আমরা সেই দেশের জাতীয় আইনের সাথে কমপ্লায়েন্স এর সমন্বয় পরিমাপের জন্য সীমিত সংখ্যক দেশ ভিত্তিক প্রশ্নের প্রবর্তন করেছি যেগুলি কিছু নির্দিষ্ট দেশের জন্যই প্রযোজ্য এবং সকল দেশের জন্য প্রযোজ্য নয়|

## কোন কোন দেশের দেশ ভিত্তিক নির্দিষ্ট প্রশ্ন আছে এবং

- **বাংলাদেশ:** ৮ টি প্রশ্ন
- **কম্বোডিয়া:** ১১ টি প্রশ্ন
- **ইন্দোনেশিয়া:** ৩ টি প্রশ্ন
- **পাকিস্তান :** ১ টি প্রশ্ন
- **ভিয়েতনাম :** ১৫ টি প্রশ্ন

# ডেটা কালেকশন টুলের বিভাগ

ডেটা কালেকশন টুলের বিভাগ

**ফেসিলিটি প্রোফাইলঃ** স্টেপ সিলেকশন, জেনেরেল ফেসিলিটি ইনফরমেশন, বিল্ডিং স্ট্রাকচার, ওয়ার্কার ডেমগ্রাফিকস, অপারেশনস ইনফরমেশন, সাবকন্ট্রাক্টর ইনফরমেশন।

**চাকরি ও নিয়োগঃ** ন্যূনতম বয়স, বৈষম্য এবং নিয়োগ এর বিস্তারিত তথ্য।

**কর্মঘন্টাঃ** কর্মঘন্টা এবং বিরতির তথ্য।

**মজুরি এবং সুবিধাঃ** নূন্যতম বেতন, সোশ্যাল ইন্সুরেন্স এবং অন্যান্য সুযোগ সুবিধার তথ্য

**ওয়ার্কার ট্রিটমেন্টঃ** জোরপূর্বক শ্রম, হয়রানি এবং অপব্যবহার, বৈষম্য এবং শৃঙ্খলা সম্পর্কিত তথ্য।

**ওয়ার্কার ইনভলভমেন্টঃ** ফ্রিডম অফ এ্যাসোসিয়েশন, যৌথ দর কষাকষি, অভিযোগ ব্যবস্থা, কর্মী প্রতিনিধিত্ব সম্পর্কিত তথ্য।

**স্বাস্থ্য এবং সুরক্ষাঃ** সাধারণ কাজের পরিবেশ, বিল্ডিং নিরাপত্তা, জরুরী প্রস্তুতি, রাসায়নিক/বিপজ্জনক পদার্থ, শ্রমিক সুরক্ষা, ম্যাটেরিয়াল হ্যান্ডলিং এবং স্টোরেজ, বৈদ্যুতিক নিরাপত্তা, প্রাথমিক চিকিৎসা/চিকিৎসা, কন্ট্রাকটর নিরাপত্তা, ডরমিটরি, ক্যান্টিন, শিশু যত্ন সম্পর্কিত তথ্য।

**টারমিনেশনঃ** বাধ্যতামূলক শ্রম, বৈষম্য, এমপ্লয়মেন্ট প্র্যাকটিস, মজুরি এবং সুবিধা সম্পর্কিত তথ্য।

**ম্যানেজমেন্ট সিস্টেমঃ** "প্ল্যান" এর কাঠামো (নীতি এবং পদ্ধতি/ কৌশল এবং লক্ষ্য), "ডু ”(ভূমিকা এবং দায়িত্ব/ যোগাযোগ এবং ট্রেনিং), " "চেক ”(সেলফ-এসেসমেন্ট), "এক্ট" (কন্টিনুয়াস ইম্প্রুভমেন্ট)

**এবাভ অ্যান্ড বিয়ন্ড** (স্টেপ ৩)- ওয়ার্ক প্লেস ওয়েল বিং এবং কমিউনিটি ইমপ্যাক্ট সম্পর্কিত ডেটা ।



# Inditex এবং SLCP এর মধ্যে অংশীদারিত্ব

INDITEX

SOCIAL & LABOR CONVERGENCE

# Inditex এর কার্যক্রম

- Inditex বাংলাদেশে এসএলসিপি তে সংযুক্ত হয়েছে ২০২১ সালে। এ বছর ২০২৩ সালে, আমরা আমাদের সাপ্লাই চেইন তালিকায় আর ও ফেসিলিটি অন্তর্ভুক্ত করব।

**যেভাবে আমরা এসএলসিপি ডেটা ব্যবহার করি-**

- আমরা সাপ্লায়ারদেরকে স্টেপ ৩ পর্যন্ত করার জন্য অনুরোধ করে থাকি।
- ফেসিলিটি সহজেই ভেরিফাইড রিপোর্ট আমাদের সাথে শেয়ার করতে পারে যেহেতু আমরা ব্র্যান্ড হোস্ট হিসেবে কাজ করি।
- এসএলসিপি ভেরিফাইড রিপোর্ট পাওয়ার পর আমরা আমাদের কোড অফ কন্ডাক্ট অনুযায়ী রেঙ্কিং করে থাকি।



# Inditex এর প্রত্যাশা এবং পরামর্শ

- স্টেপ সঠিকভাবে নির্বাচন করুন। ব্র্যান্ডগুলির প্রায়শই স্টেপ ২ অথবা ৩ এর প্রয়োজন হয়। আমরা স্টেপ ৩ গ্রহন করি।
- শুরুতেই গেইটওয়ে আইডি পেয়ে গেলে আমাদের সাথে শেয়ার করুন।
- একক ব্যক্তির পরিবর্তে একটি দল হিসেবে টুলটি পূরণ করুন।
- টুলটি একবারে পুরণ করার চেষ্টা করবেন না, সময় নিয়ে করুন।
- অর্থ বুঝার জন্য সময় নিয়ে সঠিকভাবে প্রশ্নগুলি পরুন।
- স্বচ্ছতার সাথে প্রশ্নের উত্তর দিন, কারন এটি অডিট নয়।
- সংক্ষিপ্ত, উদ্দেশ্য, সরাসরি বাক্য দিয়ে পুরন করুন।
- সম্ভব হলে অনলাইন টুল ব্যবহার করুন ( কম ভুল এবং বেশি দক্ষতার জন্য)।
- নিশ্চিত করুন যে সকল প্রশ্নের উত্তর ইংরেজিতে দেয়া হয়েছে।
- উত্তর সমর্থনের জন্য সকল প্রমান রাখুন এবং যা গোপনীয় নয় তা সংযুক্ত করুন।
- সময়সীমা অনুসরণ করুন।
- এসেসমেন্ট ভেরিফিকেশনের জন্য যত তাড়াতাড়ি সম্ভব ভেরিফিকেশন বডির সাথে যোগাযোগ করুন।
- (ভিআরএফ) ভেরিফাইড রিপোর্ট হউয়ার পরে গেটওয়ে প্ল্যাটফর্ম থেকে Inditex এর সাথে লিঙ্ক করে ভিআরএফ শেয়ার করুন।

# এসেসমেন্টের জন্য প্রস্তুতি



# টুল পূরণ করাঃ প্রয়োজনীয় তথ্য এবং জনবল নিশ্চিত করতে হবে

এসেসমেন্টটি ১২ **মাসের তথ্যের উপর ভিত্তি করে হয়**

টুলটির প্রশ্নসমূহ এইচআর, সেফটি, ম্যানেজমেন্ট টপিকস ইত্যাদি বিষয়ের উপর গুরুত্ব দিয়ে থাকে, এই জন্য একাধিক **ডিপার্টমেন্ট এবং জনবল** এর ইনভল্ভমেন্টের প্রয়োজন হবে। শ্রমিক অথবা ইউনিয়ন প্রতিনিধিকে, প্রযোজ্য ক্ষেত্রে নিযুক্ত করতে সুপারিশ করা যেতে পারে।

কারখানার কোঅর্ডিনেশন, কোলাবরেশন, ডকুমেন্টেশন, কালেকশন এবং রিভিও করতে, এই এসেসমেন্ট শেষ করতে প্রায় ২ সপ্তাহ সময় লাগবে।

* নোট: নতুন ফেসিলিটির জন্য, টুল পূরণ করার ক্ষেত্রে কমপক্ষে তিন মাসের তথ্য প্রয়োজন হবে।

# স্টেপ নির্বাচনের গাইডলাইন

স্টেপ নির্বাচনের সময় ফেসিলিটিকে নিম্নলিখিত বিষয়গুলা বিবেচনায় রাখতে হবে ঃ

**লিগাল কমপ্লায়েন্সঃ** স্টেপ ১ আন্তর্জাতিক শ্রম মান (আইএলএস) এবং জাতীয় শ্রম আইন (এনএলএল) এর উপর ভিত্তি করে কমপ্লায়েন্স এসেসমেন্ট করে।


**সাইজ:** যদি আপনার কারখানা ছোট হয় ( ৫০০ কর্মীর কম), এবং আপনি যদি ম্যানেজমেন্ট সিস্টেম এসেসমেন্ট করতে না চান, তাহলে স্টেপ ১ আপনার জন্য যথেষ্ট।

**বায়ার রিলেশনশিপ:** আপনার ক্রেতাদের রিকয়ারমেন্ট সম্পর্কে জানুন। স্টেপ ২ তে সোশ্যাল ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড অথবা কোড অফ কন্ডাক্ট এর উপর প্রশ্ন থাকে। আমাদের ওয়েবসাইটে এসএলসিপি গ্রহণকারী ব্র্যান্ড এবং রিটেলারদের ব্যাপারে অনেক তথ্য পাবেন।

**অ্যাম্বিশন লেবেল:** যদি আপনার সোশ্যাল পারফরমেন্স উপর হাই অ্যাম্বিশন থাকে (ওয়ার্কস ওয়েল-বিং এন্ড কমিউনিটি ইমপ্যাক্ট) তাহলে স্টেপ ৩ নির্বাচন করুন।

# স্টেপ সিলেকশন

## ২০২২ স্টেপ সিলেকশন




## ২০২০-২০২২ স্টেপ সিলেকশন

| | ২০২০ | ২০২১ | ২০২২ |
|---|---|---|---|
| স্টেপ ১ | ২৫% | ১৯% | ২২% |
| স্টেপ ২ | ৪৮% | ৫৯% | ৫২% |
| স্টেপ ৩ | ২৭% | ২২% | ২৬% |

বেশিরভাগ ফেসিলিটি টুলে স্টেপ ২ পর্যন্ত সিলেক্ট করে

# আপনার ডকুমেন্টস সম্পর্কে জানুন

সেলফ/জয়েন্ট এসেসমেন্ট প্রক্রিয়া সঠিকভাবে সম্পন্ন করার জন্য বিভিন্ন ডকুমেন্টের প্রয়োজন, কারখানাকে অবশ্যই তাদের এসেসমেন্টর সাথে সংযুক্ত ডকুমেন্টের বিষয়বস্তু জানতে এবং বুঝতে হবে|

উধাহরণস্বরূপ, যদি একটি পলিসি একাধিক শ্রম ও সামাজিক সমস্যা অ্যাড্রেস করে, তাহলে একই পলিসি একাধিক এসএলসিপি ম্যানেজমেন্ট সিস্টেম প্রশ্নের জন্য উল্লেখ করা যেতে পারে|


| | | | | |
|---|---|---|---|---|
| MS-PLA-3 | | | **Which of the following topics are included within the facility's written policies and procedures? (SELECT all that apply with a "X")** | |
| MS-PLA-3-1 | Recruitment and hiring | | "X" to select: | X |
| MS-PLA-3.1 | Please provide a list of all written policies and procedures referencing recruitment and hiring: | | Response Here: | Recruitment and Hiring Policy |
| MS-PLA-3-2 | Termination and retrenchment | | "X" to select: | X |
| MS-PLA-3.2 | Please provide a list of all written policies and procedures referencing termination and retrenchment: | | Response Here: | Recruitment and Hiring Policy |
| MS-PLA-3-3 | Facility workplace rules | | "X" to select: | X |
| MS-PLA-3.3 | Please provide a list of all written policies and procedures referencing facility workplace rules: | | Response Here: | Knowing the Rules of the Workplace |
| MS-PLA-3-4 | Child labor and/or young workers | Info | "X" to select: | X |
| MS-PLA-3.4 | Please provide a list of all written policies and procedures referencing child labor and/or young workers: | | Response Here: | Human Rights Policy |
| MS-PLA-3-5 | Prohibition of forced labor | Info | "X" to select: | X |
| MS-PLA-3.5 | Please provide a list of all written policies and procedures referencing prohibition of forced labor: | | Response Here: | Human Rights Policy |
| MS-PLA-3-6 | Anti-harassment and abuse | Info | "X" to select: | X |


## ফটোগ্রাফস/ডকুমেন্টস

এএইচ প্ল্যাটফর্মে আপনি প্রতিটি প্রশ্নের সাথে ডকুমেন্টস সংযুক্ত করতে পারেন|

সমস্ত সংযুক্তি ফাইনাল ভেরিফাইড এসেসমেন্টর অংশ হবে, যা আপনার ব্যবসায়িক অংশীদারের সাথে শেয়ার করা যেতে পারে| গোপনীয় তথ্য অন্তর্ভুক্ত করবেন না|

# ডেটা কালেকশন টুল অনলাইন এবং অফলাইন (এক্সেল) এ এভেইলএবল আছে




# অনলাইন অথবা অফলাইন

এসেসমেন্ট কমপ্লিশন: অনলাইন অথবা অফলাইন

২০২০ বনাম ২০২১ বনাম ২০২২





এসএলসিপি যে কোন একটি এক্রেডিটেড হোস্ট প্ল্যাটফর্মে অনলাইনে টুলটি পূরণ করার পরামর্শ দেয়।


অনলাইন টুলটি এসেসমেন্ট আরও ভালভাবে সম্পন্ন করার নির্দেশনা দেয় এবং **ডেটা সংগ্রহের নিয়মগুলি** প্রয়োগ করে, যার ফলে ভুল কম হয় এবং একুরেসি বেশি হয়।

SOCIAL & LABOR CONVERGENCE

# টুলের প্রশ্নের ১০০% কমপ্লিট করতে হবে


এক্রেডিটেড হোস্ট প্ল্যাটফর্মে এসেসমেন্ট জমা দেওয়ার আগে ফেসিলিটিকে টুলটির ১০০% সম্পূর্ণ করতে হবে।



# ডেটা কালেকশন টুল টিউটোরিয়াল

হেল্পডেস্ক FAQ: [Tutorial for the Data Collection Tool in Facility Mode]





## টিউটোরিয়ালে যা যা থাকবে...

- ✓ ম্যাক্রো এনেবল করা
- ✓ অফলাইন টুল নেভিগেইট করা।
- ✓ ইন্সট্রাকশন
- ✓ মোর ইনফো
- ✓ কন্ডিশনাল প্রশ্ন
- ✓ ফেসিলিটি কমেন্টস

# এফএফসি রিসোর্সেস

হেল্পডেস্ক FAQ: Guidance on navigating the FFC platform




Video and guidance এ যা যা থাকবে


- ✓ এফএফসি তে রেজিস্টার করা
- ✓ প্ল্যাটফর্ম নেভিগেইট করা
- ✓ এসেসমেন্ট শুরু করা
- ✓ এক্সেল আপলোড করা
- ✓ অ্যাটাচমেন্ট অ্যাড করা

এফএফসি প্ল্যাটফর্ম এর উপর অতিরিক্ত গাইডেন্স পেতে এখানে ভিসিট করুন fairfactories.org

সাপোর্ট পেতে এখানে যোগাযোগ করেন SLCPsupport@fairfactories.org

# হিগ রিসোর্সেস

হেল্পডেস্ক FAQ: Guidance on navigating the Higg platform




যা যা থাকবে...

- ✓ এফএসএলএম কমপ্লিট করুন: guidance এবং video
- ✓ এফএসএলএম স্কোরের ইন্টারপ্রিট করুন: guidance এবং video

হিগ প্ল্যাটফর্ম এর উপর অতিরিক্ত গাইডেন্স পেতে এখানে ভিসিট করুন howtohigg.org

সাপোর্ট পেতে এখানে যোগাযোগ করেন howtohigg.org/request

worldly™ SOCIAL & LABOR CONVERGENCE

# নলেজ চেক ইন

zoom

১) কেন এসএলসিপি প্রক্রিয়া একটি সেলফ/জয়েন্ট-এসেসমেন্ট দিয়ে শুরু হয়?

**উপরের সবগুলো**

২) একজন জয়েন্ট-এসেসর ফেসিলিটিকে কিভাবে সাহায্য করতে পারে?

**উপরের সবগুলো**

৩) কত মাসের সাম্প্রতিক ডেটার উপর ভিত্তি করে একটি এসএলসিপি এসেসমেন্ট  করা হয়?

**১২**

৪) টুলটি পূরণ করার সময় ফেসিলিটিকে একাধিক বিভাগ ও লোকজনকে ইনভলব করা উচিত|

৫) এসএলসিপি গ্রহণকারী ব্র্যান্ড এবং রিটেইলার এর জন্য প্রয়োজনীয় স্টেপ এর লিস্ট আপনি

**সত্য**

কোথায় পাবেন?

**এসএলসিপি ওয়েবসাইট**

# এসএলসিপি তে স্ট্যান্ডার্ড গ্রুপের পদযাত্রা



STANDARD | GROUP

SOCIAL & LABOR CONVERGENCE

# স্ট্যান্ডার্ড গ্রুপের অভিজ্ঞতা

আমরা এসএলসিপি শুরু করি ২০২১ সালে। আমাদের সর্বমোট ১০ টি ফেসিলিটিতে এসএলসিপি ইমপ্লিমেন্ট করেছি ।

আমরা এসএলসিপি ভেরিফিকেশনের জন্য ২ ধরনের প্ল্যাটফর্ম ব্যবহার করি।

১। হিগ প্ল্যাটফর্ম
২। বিডব্লিউবি

এসএলসিপি টুল এ মুলত ৩ টি স্টেপ থাকে। বায়ারের রিকুয়ারমেন্ট অনুযায়ী স্টেপ সিলেক্ট করতে হয়।

**আমরা মুলত স্টেপ ২ অনুযায়ী এসেসমেন্ট করি।**

ডেটা কালেকশন টুল ফিল আপ করা যায় দুইভাবে।
১। অনলাইন ডেটা কালেকশন টুল
২। অফলাইন ডেটা কালেকশন টুল

# স্ট্যান্ডার্ড গ্রুপের অভিজ্ঞতা

**অভিজ্ঞতাঃ**

- প্রথম এ এক্সেল এ সমস্ত ডেটা রেডি করে অনলাইনে ইনপুট দিলে ভুল হওয়ার সম্ভাবনা কম থাকে । আমরা অনলাইনে ডেটা কালেকশন টুল ফিল আপ করি। এক্সেল ফাইলে আমাদের ডেটা সাম আপ করা থাকে যা টুল পূরণ করার সময় অনেক সহায়ক হয়।

- যখন এসেসমেন্ট শুরু হবে, তা্র পুর্ববর্তী ১২ মাসের সমস্ত ডেটা কালেকশন করে সেলফ-এসেসমেন্ট টি সম্পন্ন করতে হবে ।

- আমরা সেলফ-এসেসমেন্ট করার সময় সকল ডিপার্টমেন্টের লোকজনদের ইনভলব করি।

- আমাদের আনুমানিক এক সপ্তাহের মত সময় লাগে সেলফ-এসেসমেন্ট সম্পন্ন করতে।

- সেলফ-এসেসমেন্ট কমপক্ষে ৯৫% কমপ্লিট হওয়ার পরে ভেরিফিকেশনের জন্য সাবমিট করি।

- আমারা আনুমানিক এক বা দেড় মাস আগে থেকে ভেরিফিকেশন বডির সাথে যোগাযোগ করি।

- ভেরিফাইড রিপোর্ট পাওয়ার পর আমরা গেইটওয়ে থেকে বিভিন্ন ব্র্যান্ড এর সাথে শেয়ার করি।


5
min
BREAK
TIME!!!



# টুলটি পূরণ করুন

Leadership & Sustainability



SOCIAL & LABOR CONVERGENCE

# অবজেক্টিভ ডেটা

ডেটা কালেকশন টুল অবজেক্টিভ ডেটা সংগ্রহ করে। অর্থ, প্রশ্নের উত্তরে আপনার ফ্যাসিলিটির প্রকৃত কাজের অবস্থা প্রতিফলিত হয়।

✗ এসএলসিপি ভেরিফিকেশন পারফরমেন্স জাজমেন্ট বা নির্ধারিত ফলো আপ একশন প্রয়োগ করে না।

✓ এসএলসিপি শুধুমাত্র জাতীয় শ্রম আইন এবং আন্তর্জাতিক শ্রম মানগুলির উপর ভিত্তি করে কমপ্লায়েন্স চিহ্নিত করে।

## সেখানে নেই কোন ...

✗ স্কোরিং এবং রেঙ্কিং

✗ বেঞ্চমার্কিং

✗ সার্টিফিকেশন স্কিম বা কোম্পানি সিওসি এর উপর ভিত্তি করে কমপ্লায়েন্স নিশ্চিত করা।

✗ প্রতিকারের প্রচেষ্টা প্রদান।

এটি এসএলসিপি কে সমস্ত কমপ্লায়েন্স এবং সার্টিফিকেশন প্রোগ্রামের সাথে সামঞ্জস্যপূর্ণ করে তোলে।

ব্যবহারকারীরা তাদের নিজস্ব সিদ্ধান্তে আসার জন্য ডেটা ব্যবহার করতে পারেন এবং যে কোনও প্রযোজ্য কারেক্টিভ অ্যাকশন, রেমেডিএসন এফোর্টস বা ক্যাপাসিটি/ ক্যাপাবিলিটি বিল্ডিং এর কাজ করতে পারেন।

# ইন্সট্রাকশনস

**RECRUITMENT & HIRING**

**Section Instructions**

Section Description: The purpose of the Recruitment and Hiring section is to understand the facility's social and labor practices in the initial stages of employment. The "recruitment" process is designed to select the most appropriate candidates for employment. The "hiring" process is how new workers are brought into the organization. Social and Labor topics within this section include:

- Child Labor
- Apprenticeship / Trainee / Internship Programs
- Forced Labor
- Recruitment Practices
- Discrimination
- Employment Practices
- Homeworkers
- Facility Comments

**Child Labor**

Sub-Section Instructions (Select/click on below cell to ensure you see all text of the cell in the formula bar above)

Overall International Labor Standards Compliance Guidance: Child labor is work that deprives children of their childhood, their potential and their dignity, and that is harmful to physical and mental development. It refers to work that is mentally, physically, socially or morally dangerous and harmful to children and interferes with their schooling by depriving them of the opportunity to attend school, by obliging them to leave school prematurely, or by requiring them to combine school attendance with excessively long and heavy work. In its most extreme forms, children are involved in illegal activities, or in work that exposes them to physical, sexual or psychological abuse. However, not all work done by children is classified as child labor that should be eliminated. Work that does not affect children's health and personal development or interfere with their schooling can be constructive. This includes activities such as helping parents around the home, helping in a family business or earning pocket money outside school time. Whether or not work being carried out by children constitutes child labor depends on the child's age, the type and hours of work performed, and the impact of the work on the child's health, development and access to education. In addition to determining whether there are child laborers working at the facility premises, the possibility of workers taking work home should be monitored. If work is performed outside the facility premises, determine whether underage family members are doing it.

Applicable legal standards include: ILO Core Conventions, C138 Minimum Age Convention, 1973 and C182 Worst Forms of Child Labour Convention, 1999, which provide the baseline standards for child labor; other conventions in force in the country; applicable legislation; Collective Bargaining Agreements and provisions in employment contracts that exceed legal requirements

Other relevant ILO documents: R146 Minimum Age Recommendation, 1973; R190 Worst Forms of Child Labour Recommendation, 1999

**সেকশন ইন্সট্রাকশনসঃ**

আপনি টুলটিতে যে সেকশন আছেন, তার জন্য নির্দেশাবলী প্রদান করে।

**সাব সেকশন ইন্সট্রাকশনসঃ**

আপনি টুলটিতে যে সাব সেকশন আছেন, তার জন্য নির্দেশাবলী প্রদান করে।


প্রযোজ্য আইএলও কোর কনভেনশনের উল্লেখ থাকতে পারে।

দ্রষ্টব্য: প্রতিটি সাব সেকশনে ইন্সট্রাকশনস নাও থাকতে পারে।

SOCIAL & LABOR CONVERGENCE

# মোর ইনফো

“মোর ইনফো মূল্যবান ক্লারিফাইং ইনফরমেশন  প্রদান করে এবং যেকোনো কিছু অস্পষ্ট মনে হলে তা রেফারেন্স হিসেবে ব্যবহার করা যেতে পারে।




**"মোর ইনফো "-এ প্রদত্ত বিভিন্ন ধরণের ব্যাখ্যামূলক তথ্য :**

- পরিমাপ বা দুরুত্বের প্রশ্নের জন্য ক্যাল্কুলেশন মেথড
- লিগ্যাল কমপ্লায়েন্স প্রশ্ন
- সিমিলার প্রশ্নের ক্ষেত্রে পার্থক্য
- প্রোগ্রামের প্রকারের বিশদ বিবরণ (যেমন, অর্থায়ন প্রোগ্রাম)
- নির্দিষ্ট পরিস্থিতির উপর ভিত্তি করে উপযুক্ত উত্তর (যেমন, যদি ফেসিলিটি সাপ্তাহিক বিশ্রামের দিন প্রদান করে, কিন্তু টানা ২০ ঘন্টার মধ্যে নয়, উত্তর "না“হবে )
- টার্ম এর সংজ্ঞা/ব্যাখ্যা
- প্রশ্নের সামগ্রিক অভিপ্রায়

SOCIAL & LABOR CONVERGENCE

# "মোর ইনফো" এর সংযোজন

এসএলসিপি ফেসিলিটির ফিডব্যাক এবং ডেটা পয়েন্টগুলি বিশ্লেষণ করেছে, বিশেষ করে যেখানে ফেসিলিটি সবচেয়ে বেশি ভুল করে এবং CAFv1.5 এর "মোর ইনফো" তে সেই বিষয়গুলিকে আরও সুন্দরভাবে বিশ্লেষণ করা হয়েছে|

এক্সাম্পল: WH-WOR-25

**"সাপ্তাহিক বিশ্রামের দিনগুলি কি লিগ্যাল রিকুইরেমেন্টস সাথে সামঞ্জস্যপূর্ণ?"**

## পুরাতন "মোর ইনফো"

এই প্রশ্নের উত্তর দেওয়ার আগে প্রযোজ্য লিগ্যাল রিকয়ারমেন্ট দেখে নিতে পারেন|

যদি কোন প্রযোজ্য লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকে, তাহলে নো এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট উত্তর দিন|

## নতুন "মোর ইনফো"

এই প্রশ্নটি এসেসমেন্ট পিরিয়ডের সঠিক সাপ্তাহিক বিশ্রামের দিনগুলিকে বোঝায়, যা পূর্ববর্তী প্রশ্নে ফেসিলিটি পলিসির সাথে সঙ্গতিপূর্ণ হতে পারে বা নাও হতে পারে|

এই প্রশ্নের উত্তর দেওয়ার আগে প্রযোজ্য লিগ্যাল রিকয়ারমেন্ট দেখে নিতে পারেন|


যদি কোন প্রযোজ্য লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকে, তাহলে নো এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট উত্তর দিন|

SLCP Helpdesk মাধ্যমে আপনার ফিডব্যাক শেয়ার করে টুলের ভবিষ্যত ভার্শনগুলিকে প্রভাবিত করুন|

# টুলে সঠিকভাবে উত্তর দেওয়া

## কীভাবে প্রশ্নের উত্তর দিতে হয় সে বিষয়ে টুলটি গাইড প্রদান করে


➢ ড্রপ ডাউন থেকে **সিলেক্ট** করুন





➢ **এখানে নাম্বার** লিখতে হবে. অক্ষর গ্রহণযোগ্য নয়





➢ **এখানে তারিখের** জন্য YYYY-MM-DD ফর্ম্যাট ইউজ করুন




➢ **এখানে রেসপন্স** হতে হবে সর্বোচ্চ ৬০০০ অক্ষরের মধ্যে|





➢ ড্রপ ডাউন থেকে **"এক্স" সিলেক্ট** করুন




# টুল এ শর্তাধীন প্রশ্নসমূহ

**মাঝে মাঝে কিছু প্রশ্নের উত্তর করার পর, সেই প্রশ্নগুলোর সাথে সম্পর্কিত কিছু নতুন প্রশ্ন ওপেন হয়। কিছু প্রশ্নের উত্তর না করলে, সেই নতুন প্রশ্নগুলি দেখা যায় না।**

যদি কোন ফেসিলিটি RH-CHI-4 প্রশ্নটির উত্তর “না” করেন,সেই ক্ষেত্রে পরবর্তীতে যে প্রশ্নের উত্তর করতে হবে সে টি হল RH-CHI-8




যদি কোন ফেসিলিটি RH-CHI-4 প্রশ্নটির উত্তর ”হ্যা “ করেন,সেই ক্ষেত্রে পরবর্তীতে আরো ২ টি শর্তাধীন প্রশ্ন RH-CHI-5 এবং RH-CHI-6 দৃশ্যমান হয় এবং যেখানে অধিক তথ্য চাওয়া হয়।




মনে রাখবেন...

- ✓ এই টুল এ একসাথে একাধিক প্রশ্ন অপ্রকাশিত থাকতে পারে এবং প্রশ্নগুলি সবসময় তাতক্ষনিকভাবে উত্তর প্রদানকৃত মূল প্রশ্নের সাথে দৃশ্যমান নাও হতে পারে।
- ✓ উদাহরণস্বরূপ, ফেসিলিটি প্রোফাইল সেকশন এ প্রশ্নের উত্তর করার পর অন্যান্য সেকশনের প্রশ্নও দৃশ্যমান হতে পারে। এই কারণেই ষ্টেপ নির্বাচনের পরপরই ফেসিলিটি প্রোফাইল পূরণ করা গুরুত্বপূর্ণ।


# ফেসিলিটি রেস্পন্স

প্রত্যেক শাখার পরিষেশে, ফেসিলিটির কোন উদ্বেগ বা অসুবিধা বর্ণনা করার জন্য একটি অংশ আছে। আপনি সর্বাধিক ৬০০০ অক্ষরের রেস্পন্স লিখতে পারবেন। এই রেস্পন্স ভেরিফাই করা হবে না।

সম্পূর্ণ করুন **"রেস্পন্স হেয়ার"**

- ফেসিলিটিতে যদি কোন প্রশ্নের নির্দিষ্ট উপায় প্রয়োগ করতে আপনার অসুবিধা হয়।
- যদি কোন প্রশ্নের উত্তর আপনার পছন্দমত প্রদান করতে না পারেন।

নির্দিষ্ট প্রশ্ন নম্বর চিহ্নিত করুন এবং আপনার উদ্বেগের কারণ বিবরণ করুন।




আপনি যদি ফ্যাসিলিটি কমেন্টস ফিল্ড ব্যবহার করেন তাহলে আপনার মতামত কীভাবে লিখবেন সে সম্পর্কে "ইনফো" অনুসরণ করুন।

# এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট গুলি কি কি?

যদিও ডেটা কালেকশন টুল, ডেটাগুলির উপর কোন সিদ্ধান্ত বা রায় প্রদান করে না, তবে ডেটা কালেকশন টুলটি **আন্তর্জাতিক শ্রম মান** এবং **জাতীয় আইনের** সাথে সঙ্গতিপূর্ণ।

যদি কোন একটি প্রশ্নে আইনের রেফারেন্স থাকে

- ❑ " লিগ্যাল রিকয়ারমেন্ট সাথে সঙ্গতিপূর্ণ কি না"
- ❑ " লিগ্যাল লিমিটের সাথে সঙ্গতিপূর্ণ কি না"
- ❑ " লিগ্যালী রিকয়ারড কি না"

সেক্ষেত্রে, ফেসিলিটি প্রশ্নেটির উত্তর করার সময় অবশ্যই **এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট** গুলি চেক করবেন।

<u>এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট গুলি :</u>

- ✓ আই এল ও কোর কনভেনশন এবং দেশের জন্য প্রযোজ্য অন্যান্য কনভেনশন
- ✓ আইন ও বিধান, যা বিচার ব্যবস্থায় প্রয়োগ করা হয়
- ✓ যৌথ দরকষাকষির চুক্তি (যেখানে প্রভিশন যথেষ্ট নয়, সেখানে শ্রমিকের পক্ষে সঙ্গতিপূর্ন লিগ্যাল রিকয়ারমেন্ট )

**টিপ:** যদি কোন প্রশ্নে এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে "More Info" তে ইন্সট্রাকশন পাওয়া যাবে।

# এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্টস : উদাহরণ

WH-WOR-11
"সকল ওভারটাইম কর্মঘন্টা কি লিগ্যাল লিমিটের সাথে সঙ্গতিপূর্ণ ?"

"More Info! "দেখুন

এই প্রশ্নটির উত্তর দেওয়ার পূর্বে এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট গুলি খুঁজে বের করুন| ওভারটাইম বিভিন্নভাবে হিসাব বা ক্যালকুলেশন করা যেতে পারে যেমন: বাৎসরিক, মাসিক, সাপ্তাহিক, দৈনিক ইত্যাদি| যদি সকল ওভারটাইম লিমিট, এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট এর মধ্যে থাকে, তবে সে ক্ষেত্রেই শুধু এই প্রশ্নের উত্তর হ্যাঁ করবেন|

ওভারটাইমের জন্য যদি এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকে সে ক্ষেত্রে উত্তর হবে "লিগ্যাল রিকয়ারমেন্ট প্রযোজ্য নয়" |

যদি আপনার দেশে এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট থাকে, সেক্ষেত্রে সিলেক্ট করুন

হ্যাঁ / না

যদি আপনার দেশে এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকে, সেক্ষেত্রে সিলেক্ট করুন

লিগ্যাল রিকয়ারমেন্ট প্রযোজ্য নয়

# দ্যা ল ওভারলে

**ইহা কি?**

ল ওভারলে ফেসিলিটিকে আইনের প্রশ্নগুলো ব্যাখ্যা করতে সাহায্য করে এবং কিভবে সে গুলির উত্তর দিতে হবে, তার নির্দেশনা প্রদান করে|

**ল ওভারলে হল...**

- ✓ এক্রেডিটেড হোস্টের অনলাইন টুল পূরন করার সময় ব্যবহার করা যায়
- ✓ টুল এ শুধুমাত্র স্টেপ-১ এর জন্য প্রযোজ্য
- ✓ বাংলাদেশ. ইন্দোনেশিয়া , পাকিস্তান এবং ভিয়েতনামে বর্তমানে ব্যবহারযোগ্য
- ✓ বেটার ওয়ার্ক ডেভেলপ করেছে
- ✓ এক্সেল ডকুমেন্টে আইনের তথ্যাবলী রয়েছে, ফেসিলিটি অফলাইনে তা ব্যবহার করতে পারেন (SLCP Helpdesk এ এভেইলএবল রয়েছে)

# EPZ vs. Non-EPZ এ ট্রেড ইউনিয়ন

**Trade Union:**
শ্রমিকদের স্বার্থকে এগিয়ে নিয়ে যাওয়া ও রক্ষার উদ্দেশ্যে গঠিত একটি শ্রমিক সংগঠন।

(EPZ) & non-EPZ এর জন্য লিগ্যাল রিকয়ারমেন্টের পার্থক্য

## EPZ Area

- শ্রমিকদের শিল্প সম্পর্কিত কাজ সম্পাদনের উদ্দেশ্যে একটি Workers Welfare Association (WWA) গঠন এবং যোগদানের অধিকার রয়েছে।
- শ্রমিক কল্যাণ সমিতি(Workers Welfare Association) না থাকলে শ্রমিকরা অংশগ্রহণমূলক কমিটি (Participation Committee) গঠন করতে পারবে।

## Non-EPZ Area

- শ্রমিক ও নিয়োগকর্তাদের মধ্যে, বা শ্রমিক ও শ্রমিকদের মধ্যে সম্পর্ক নিয়ন্ত্রণের উদ্দেশ্যে শ্রমিকদের একটি ট্রেড ইউনিয়ন গঠন এবং যোগদানের অধিকার রয়েছে।
- ট্রেড ইউনিয়ন না থাকলে শ্রমিকরা অংশগ্রহণ কমিটি গঠন করতে পারবে।

টুলে ওয়ার্কার ইনভলবমেন্ট বিভাগে ট্রেড ইউনিয়ন সম্পর্কিত বিভিন্ন প্রশ্ন পাবেন।

# ট্রেড ইউনিয়নের প্রশ্নসমূহ

WI-FOA-37 থেকে WI-FOA-54 প্রশ্নগুলি ফেসিলিটিতে ট্রেড ইউনিয়নের উপস্থিতির শর্তের উপর ভিত্তি করে করা হয়নি।

কেন? তারা সম্মিলিত দর কষাকষি এবং ফ্রিডম অব এসোশিয়েশনের আন্তর্জাতিক শ্রম মানদন্ড অনুসরন করে। এবং এই আন্তর্জাতিক শ্রম মানদন্ড, কোন ইউনিয়ন রয়েছে কি না বা শ্রমিকরা ইউনিয়ন করার প্রক্রিয়ায় মধ্যে রয়েছে কি না তার লিগ্যাল রিকয়ারমেন্ট ব্যাখ্যা করে। তাই কোনো ফেসিলিটিতে সক্রিয় ট্রেড ইউনিয়ন না থাকলেও, শ্রমের মানদন্ড সকল কারখানার জন্য প্রযোজ্য।

**উদাহারনঃ**

**WI-FOA-49**
"ফেসিলিটি ম্যানেজমেন্ট কি কোন ইউনিয়নকে নিয়ন্ত্রণ, বা হস্তক্ষেপ করার চেষ্টা করেছে?"

উত্তর

হ্যাঁ / না

**মোর ইনফো ঃ**

যদি কোন সক্রিয় ট্রেড ইউনিয়ন না থাকে, তাহলে ফেসিলিটির আচরণ এবং প্রক্রিয়া ভবিষ্যতে ট্রেড ইউনিয়ন কার্যক্রম/কর্মীদের ইউনিয়ন করার অনুমতি দেওয়ার জন্য উন্মুক্ত কিনা তা জানার জন্য এই প্রশ্নগুলি সংযুক্ত করা হয়েছে।

প্রশ্নটি কী জিজ্ঞাসা করছে তা বোঝার জন্য প্রতিটি প্রশ্ন মনোযোগ সহকারে পড়া গুরুত্বপূর্ণ। WI-FOA-49 প্রশ্নটি ফেসিলিটিতে একটি সক্রিয় ট্রেড ইউনিয়ন আছে কিনা তা জিজ্ঞাসা করছে না, শুধুমাত্র এটি জানতে চাচ্ছে যে ফেসিলিটি কর্তপক্ষ এসেসম্যান্ট পিরিয়ডের মধ্যে কোনো ইউনিয়নের সাথে হস্তক্ষেপ বা নিয়ন্ত্রণ করার চেষ্টা করে থাকে কিনা (ইউনিয়ন সক্রিয় থাকুক বা না থাকুক)।

# সেলফ-এসেসমেন্ট আপডেট করুন

সেলফ-এসেসমেন্ট সম্পন্ন হওয়ার পরে যদি কোন তথ্য পরিবর্তন করার প্রয়োজন হয়, তবে আপনি যে প্ল্যাটফর্মটি ব্যবহার করছেন, তাতে আপনাকে আপনার এসেসমেন্ট রিওপেন করতে হবে।

**FFC**

SLCP Helpdesk -এ একটি অনুরোধ জমা দিন [this form](#).

**Higg** | Trusted Sustainability Data

Higg ওয়েবসাইটে-এ একটি অনুরোধ জমা দিন [this form](#).

**BetterWork**

BW প্রোগ্রাম ম্যানেজারের কাছে একটি অনুরোধ জমা দিন।

**একবার আপনার এসেসমেন্ট রিওপেন হয়ে গেলে আপনি আপনার ডেটা আপডেট এবং পুনরায় সাবমিট করতে পারবেন।**

**মনে রাখবেন...**

- ✗ অনসাইট ভেরিফিকেশন চলাকালীন সেলফ এসেসমেন্ট এ কোনও পরিবর্তন করা যাবে না।
- ✓ ফেসিলিটি প্রোফাইলে ডেট অফ সাবমিশন আপডেট করার বিষয়টি নিশ্চিত করুন (FP-BAS-26)।

# নলেজ চেক ইন /মেধা যাচাই

zoom

**সত্য / মিথ্যা...**

১| ডেটা কালেকশন টুল অবজেকটিভ তথ্য সংগ্রহ করে|

**সত্য**

২. “More Info” মূল্যবান , সহায়ক তথ্য প্রদান করে এবং যে কোন সময়, যে কোন বিষয়ে অস্পস্ট ধারনা থাকলে তার পরিস্কার ব্যাখ্যা প্রদান করে|

**সত্য**

৩. টুলের ভবিষ্যৎ ভার্সনের উপর ফেসিলিটির কোন প্রকার প্রভাব নেই|

**মিথ্যা**

৪. ল ওভারলে টুলের তিনটি স্টেপ এর জন্য প্রযোজ্য|

**মিথ্যা**

# সাধারণ ভুল বোঝাবুঝি




Sustainable Management System

SOCIAL & LABOR CONVERGENCE

# স্টেপ ১: এসেন্সিয়াল

সোশ্যাল এবং লেবার কমপ্লায়েন্সের গুরুত্বপূর্ণ প্রশ্নগুলি এখানে আলোচনা করা হয় এবং অধিকাংশ প্রশ্নগুলি আন্তর্জাতিক শ্রম মান এবং জাতীয় শ্রম আইনের সাথে সম্পর্কিত।

**৯৮৮**
সম্ভব্য প্রশ্ন

**৩৪৩**
গড় # প্রশ্নের উত্তর

ম্যানেজমেন্ট সিস্টেম এবং এবাভ অ্যান্ড বিয়ন্ড সেকশন ব্যাতিত সকল সেকশনে এই প্রশ্নগুলি পাওয়া যায়।

# Question: FP-OPE-1

## ফেসিলিটি প্রোফাইল

অপারেটিং লাইসেন্স/রেজিস্ট্রেশন সম্পর্কিত তথ্য

## ভুলধারণা

✗ ফেসিলিটি ফ্যাক্টরি লাইসেন্স, ফায়ার লাইসেন্স এবং ট্রেড লাইসেন্স এবং অন্যান্য আইনি লাইসেন্সকে বাংলাদেশে অপারেটিং লাইসেন্স হিসাবে বিবেচনা করে|

## সঠিক নির্দেশনা

✓ আইন অনুযায়ী, প্রত্যেক নিয়োগকর্তা / মালিককে ইন্সপেক্টর জেনারেলের কাছ থেকে অপারেটিং লাইসেন্স (ফ্যাক্টরি লাইসেন্স) নিতে হবে|

- EPZ এলাকার জন্য, **প্লট বরাদ্দকে** অপারেটিং লাইসেন্স হিসাবে উল্লেখ করা যেতে পারে|
- EPZ এলাকার বাইরের জন্য, **ফ্যাক্টরি লাইসেন্সকে** অপারেটিং লাইসেন্স হিসাবে উল্লেখ করা যেতে পারে|

# Question: RH-DIS-1

## চাকরি ও নিয়োগ

নিয়োগ প্রক্রিয়ার সময়, চাকরির আবেদনপত্র বা জব ডেসক্রিপশনের মতো ডকুমেন্টের মাধ্যমে ফেসিলিটি কি কখনও আবেদনকারীর জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ, রাজনৈতিক মতাদর্শ, সামাজিক অবস্থান, অক্ষমতা, এইচআইভি/এইডস অবস্থা, সেক্সুয়াল অরিয়েনটেশন, গর্ভাবস্থা/মাতৃত্বকালীন অবস্থা, বৈবাহিক অবস্থা, পারিবারিক দায়িত্ব, বয়স (লিগাল ন্যূনতম বয়স ব্যতীত) বা জাতীয়তা/বিদেশী অভিবাসী শ্রমিকের অবস্থা সম্পর্কে জানতে চায়?

## ভুলধারণা

✗ ফেসিলিটি ওপরে উল্লেখিত তথ্যগুলো সংগ্রহ করে কিন্ত তা দিয়ে নিয়োগ সংক্রান্ত কোন সিদ্ধান্ত নেয় না, তাই  তা ভুলক্রমে “No” সিলেক্ট করে।

## সঠিক নির্দেশনা

✓ যদি চাকরির আবেদনপত্রে উপরে প্রদত্ত তথ্যগুলোর উল্লেখ থাকে, এমনকি সেগুলো যদি নিয়োগ সংক্রান্ত কোন সিদ্ধান্ত নেয়ার জন্য ব্যবহার নাও করা হয়, তবুও “Yes” সিলেক্ট করুন।

SOCIAL & LABOR CONVERGENCE

# Question: WH-WOR-10

## কর্মঘন্টা

ওভারটাইম করার কারণগুলি কি লিগ্যাল রিকয়ারমেন্টের সাথে সঙ্গতিপূর্ণ?

## ভুলধারণা

- ✗ ফেসিলিটি 'Yes' সিলেক্ট  করে এবং বলে যে ওভারটাইম শুধুমাত্র আইন দ্বারা অনুমোদিত কারণেই করা হয়েছে যদিও কোন লিগ্যাল রিকয়ারমেন্ট নেই।
- ✗ কখনও কখনও ফেসিলিটি লিগ্যাল রিকয়ারমেন্ট সম্পর্কে নিশ্চিত না হয়েই “Yes” বা “No” সিলেক্ট করে।

## সঠিক নির্দেশনা

- ✓ ওভারটাইমের জন্য যদি কোন লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকে, তাহলে ফেসিলিটির উচিৎ “নো এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট” সিলেক্ট করা।

**অতিরিক্ত তথ্য:** এই প্রশ্ন উত্তর দেয়ার আগে এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট সম্পর্কে জেনে নিন। এই প্রশ্নের উদ্দেশ্য হল ওভারটাইম শুধুমাত্র আইন দ্বারা অনুমোদিত কারণেই করা হয় কিনা তা বোঝা।  যদি কোন লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকে, তাহলে “নো এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট ” সিলেক্ট করুন।

SOCIAL & LABOR CONVERGENCE

# Question: WH-WOR-13

## কর্মঘন্টা

ফেসিলিটি কি ওভারটাইম করার জন্য সরকারি কর্তৃপক্ষের কাছে জানানো এবং/বা তাদের কাছ থেকে অনুমতি নেয়ার লিগ্যাল রিকয়ারমেন্টগুলি মেনে চলে?

## ভুলধারণা

✗ এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকা সত্ত্বেও ফেসিলিটি "Yes" বা "No" সিলেক্ট করে।

**অতিরিক্ত তথ্য:** এই প্রশ্ন উত্তর দেয়ার আগে এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট সম্পর্কে জেনে নিন।
যদি কোন লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকে, তাহলে "নো এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট " সিলেক্ট করুন।
সরকারি কর্তৃপক্ষের কাছ থেকে ওভারটাইম করানোর অনুমতির উদাহরণ হতে পারে ওভারটাইমের অনুমোদন এবং ওভারটাইম ওয়েভার।

## সঠিক নির্দেশনা

- ✓ ওভারটাইমের জন্য যদি কোন অনুমতি বা অনুমোদন নেয়ার লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকে, তাহলে ফেসিলিটির উচিৎ "নো এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট " সিলেক্ট করা।
- ✓ যদি কোন লিগ্যাল রিকয়ারমেন্ট থাকে, তাহলে ফেসিলিটির উচিৎ তাদের সার্বিক পরিস্থিতির ভিত্তিতে "Yes" বা "No" সিলেক্ট করা।

# Question: WH-WOR-15

## কর্মঘন্টা

উৎপাদন লক্ষমাত্রা (যেমন- কোটা বা পিস রেট শ্রমিকদের ক্ষেত্রে) কি লিগ্যাল রিকয়ারমেন্টের সাথে সঙ্গতিপূর্ণ?

## ভুলধারণা

✗ এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকা সত্ত্বেও ফেসিলিটি "Yes" বা "No" সিলেক্ট করে|

## সঠিক নির্দেশনা

✓ পিস রেট বা কোটার জন্য যদি কোন লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকে, তাহলে ফেসিলিটির উচিৎ "নো এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট" সিলেক্ট করা|

**অতিরিক্ত তথ্য:** এই প্রশ্নের উদ্দেশ্য হল ফেসিলিটি লিগ্যাল রিকয়ারমেন্ট অনুযায়ী পিস রেট শ্রমিকদের জন্য উৎপাদন লক্ষমাত্রা নির্ধারণ করে কিনা তা বোঝা|

পিস রেটকে কাজে ব্যয় করা সময়ের ভিত্তিতে অর্থ প্রদানের পরিবর্তে উৎপাদিত পণ্যের সংখ্যা (যেমন মোট টি-শার্টের সংখ্যা) অনুসারে অর্থ প্রদানের ধরণকে বোঝায়|

এই প্রশ্ন উত্তর দেয়ার আগে এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট সম্পর্কে জেনে নিন|

যদি কোন লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকে, তাহলে "নো এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট " সিলেক্ট করুন|

# Question: WH-WOR-21

## কর্মঘন্টা

ফেসিলিটি কি লিগ্যাল রিক্যুয়ারমেন্ট এর সাথে সঙ্গতিপূর্ণভাবে ব্রেস্ট ফিডিং এর জন্য সময় দেয়?

## ভুলধারণা

✗ ফেসিলিটি মনে করে যে বাংলাদেশে ব্রেস্ট ফিডিং এর সময় সম্পর্কিত কোনও আইন নেই, তাই তারা "নো এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট " পূরণ করে|

## সঠিক নির্দেশনা

✓ যদি ফেসিলিটি ব্রেস্ট ফিডিং জন্য সময় সরবরাহ করে, তবে তাদের "Yes" সিলেক্ট করা উচিত|

✓ যদি ব্রেস্ট ফিডিং জন্য সময় সরবরাহ না করে, তবে তাদের "No" সিলেক্ট করা উচিত|

✓ Legal requirement: Bangladesh Labour Rules 2015, 37 (e).

# স্টেপ ২: প্রগ্রেসিভ

ম্যানেজমেন্ট সিস্টেম ও সেসব সোশ্যাল ও লেবার কমপ্লায়েন্স সম্পর্কিত প্রশ্নসমূহকে ফোকাস করে যেগুলো অতিরিক্ত বা সহায়ক কিন্ত লেস ক্রিট্রিকাল। এসব প্রশ্নগুলোকে প্রায়ই সোশ্যাল ইন্ডাস্ট্রি এবং সার্টিফিকেশন স্ট্যান্ডার্ডগুলোতে পাওয়া যায়।

**১৮৮৬**
অতিরিক্ত সম্ভাব্য প্রশ্ন

**৮৫৭**
উত্তর প্রদানকৃত প্রশ্নের গড় সংখ্যা

এবাভ অ্যান্ড বিয়ন্ড ব্যতিত প্রতিটি সেকশনেই স্টেপ ২ এর জন্য যোগ করা প্রশ্নগুলো পাওয়া যায়।

# Question: RH-CHI-7.1

## চাকরি ও নিয়োগ

RH-CHI-7: যদি কোন শিশু (যাদের বয়স আইনগতভাবে ন্যূনতম কাজের বয়সের চেয়ে কম) ফেসিলিটিতে কাজ করে, তাদের জন্য কি ফেসিলিটির কোন চাইল্ড রেমেডিএসন সিষ্টেম বা শিশু প্রতিকারমূলক ব্যবস্থা আছে?
RH-CHI-7.1: যদি উত্তর "Yes" হয়, তাহলে চাইল্ড রেমেডিএসন সিষ্টেম বা শিশু প্রতিকারমূলক ব্যবস্থাটি বর্ণনা করুন।

## ভুলধারণা

✗ উত্তরে ফ্যাসিলিটি শুধু "চাইল্ড রেমেডিএসন পলিসি" লেখে কিন্তু পুরো সিস্টেমটি বর্ণনা করে না।

## সঠিক নির্দেশনা

✓ ফেসিলিটির যদি চাইল্ড রেমেডিএসন সিষ্টেম বা শিশু প্রতিকারমূলক ব্যবস্থা থাকে, তাহলে বিশদ ব্যাখ্যা করুন।

**অতিরিক্ত তথ্য:** শিশু বলতে এখানে তাদেরকে বোঝানো হয়েছে, যাদের বয়স আইনগতভাবে ন্যূনতম কাজের বয়সের চেয়ে কম। এই প্রশ্নের উদ্দেশ্য হল ফেসিলিটিতে যদি কখনও 'শিশু শ্রম' পাওয়া যায়, তাহলে কোন শিশু প্রতিকারমূলক ব্যবস্থা (বা পরিকল্পনা) আছে কিনা তা বোঝা।

একটি প্রতিকারমূলক পরিকল্পনা বলতে শিশু শ্রম পরিস্থিতির "প্রতিকার" করার জন্য তাৎক্ষণিক এবং দীর্ঘমেয়াদী পদক্ষেপগুলিকে বোঝাতে পারে (যেমন, ফেসিলিটিতে নিয়ে আসা ও নিয়ে যাওয়ার জন্য শিশুর পিতামাতা/আত্মীয়দের সাথে যোগাযোগ করা, তাদের যাতায়াত ভাতা প্রদান, তাদের শিক্ষার খরচ বহন, বয়স যাচাইয়ের বিষয়ে মানব সম্পদ বিভাগের কর্মীদের পুনরায় প্রশিক্ষণ প্রদান ইত্যাদি)।

# Question: WB-WAG-18

## মজুরি এবং সুবিধা

ওভারটাইম ভাতা কি লিগ্যাল রিকয়ারমেন্ট অনুযায়ী দেয়া হয়?

## ভুলধারণা

✗ এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকা সত্ত্বেও ফেসিলিটি "Yes" বা "No" সিলেক্ট করে।

## সঠিক নির্দেশনা

✓ ওভারটাইম ভাতার জন্য যদি কোন লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকে, তাহলে ফেসিলিটির উচিৎ "নো এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট " সিলেক্ট করা।

**অতিরিক্ত তথ্য:** উদাহরণ স্বরূপ, যে সকল কর্মীরা সন্ধ্যায় একটি নির্দিষ্ট সময় ওভারটাইম করে, তাহলে তাদের খাবার বা পরিবহন ভাতা থাকতে পারে যদি তা আইন দ্বারা নির্দিষ্ট করা থাকে।

এই প্রশ্ন উত্তর দেয়ার আগে এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট সম্পর্কে জেনে নিন।

যদি কোন লিগ্যাল রিকয়ারমেন্ট না থাকে, তাহলে "নো এপ্লিকেবল লিগ্যাল রিকয়ারমেন্ট" সিলেক্ট করুন।

# Question: HS-WOR-7-1

## স্বাস্থ্য এবং সুরক্ষা

HS-WOR-7: ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) এর সাথে সম্পর্কিত ফেসিলিটির নিম্নলিখিত কোনও ব্যবস্থা কি রয়েছে? (যেগুলো প্রযোজ্য, সেগুলোকে "X" দিয়ে সিলেক্ট করুন)

- ❑ সরবরাহকৃত পিপিই সরঞ্জাম এবং পোশাকগুলি ভাল অবস্থায় রয়েছে এবং এদের কার্যকারিতা নিশ্চিত করতে এবং চিহ্নিত বিপদ থেকে শ্রমিকদের নিরাপদ রাখার জন্য প্রয়োজন অনুযায়ী পরিবর্তন করা হয়।

## ভুলধারণা

- ✗ ফেসিলিটিতে ৩ জন কাটিং শ্রমিকের জন্য একটি মেটাল গ্লোভ রয়েছে, কিন্তু তারা "X" সিলেক্ট করে এটা বুঝিয়ে যে চিহ্নিত বিপদ থেকে রক্ষা করার জন্য শ্রমিকদের পিপিই সরবরাহ করা হয়েছে
- ✗ ফেসিলিটি "X" সিলেক্ট করে এটা বুঝিয়ে যে পিপিই ভাল অবস্থায় আছে, কিন্তু ভেরিফিকেশনের সময় শ্রমিকদের সাথে ছেঁড়া গ্লাভস এবং ফাটা গগলস পাওয়া যায়।

## সঠিক নির্দেশনা

- ✓ শুধুমাত্র তখনই "X" সিলেক্ট করুন যখন যে শ্রমিকের পিপিই প্রয়োজন, তার সেই পিপিইতে এক্সেস আছে এবং তা ভাল অবস্থায় আছে।

**নির্দেশিকা:** শ্রমিক নিরাপত্তার জন্য যদি পর্যাপ্ত পিপিই না থাকে, পিপিইর ব্যবহার কার্যকর নয় (কারন তা অল্প সংখ্যক শ্রমিককে কিছু সময়ের জন্য নিরাপদ রাখে)।

সকল শ্রমিকদেরই পিপিইতে এক্সেস থাকতে হবে যেগুলো ভাল অবস্থায় রয়েছে এবং এদের সঠিক কার্যকারিতা নিশ্চিত করতে এবং চিহ্নিত বিপদ থেকে শ্রমিকদের নিরাপদ রাখার জন্য প্রয়োজন অনুযায়ী পরিবর্তন করা হয়।

# Question: HS-EME-8.1

## স্বাস্থ্য এবং সুরক্ষা

যে অগ্নিনির্বাপক সরঞ্জামগুলো ব্যবহৃত হয় সেগুলোর প্রকার এবং ফেসিলিটির কোন এরিয়ায় সেগুলো  রয়েছে তার বর্ণনা দিন।

## ভুলধারণা

✗ ফেসিলিটি উত্তর দেয় “Fire extinguishers in all areas”.

**মোর ইনফো:**
যেমন- প্রডাকশন এরিয়া XXX: ফায়ার এক্সটিঙ্গুইশার; ওয়্যারহাউজ XXX: অটোমেটিক স্প্রিংক্লার সিস্টেম

## সঠিক নির্দেশনা

✓ ফেসিলিটিদের "মোর ইনফো" নির্দেশিকা অনুসরণ করা উচিত এবং অগ্নিনির্বাপক সরঞ্জামের ধরন এবং অবস্থানগুলির ক্ষেত্রে আরও সুনির্দিষ্ট হওয়া উচিত।

# Question: HS-ELE-6

## স্বাস্থ্য এবং সুরক্ষা

ফেসিলিটি কি সক্রিয় বৈদ্যুতিক সরঞ্জামে রক্ষণাবেক্ষণ কাজ পরিচালনা করে?

## ভুলধারণা

✗ ফেসিলিটি "Yes" সিলেক্ট করে যদিও তারা সক্রিয় বৈদ্যুতিক সরঞ্জামে রক্ষণাবেক্ষণ কাজ পরিচালনা করেনা।

## সঠিক নির্দেশনা

✓ রক্ষণাবেক্ষণ কাজ পরিচালনার জন্য যদি মেশিন বন্ধ করা হয়, তাহলে ফেসিলিটিকে "No" সিলেক্ট করা উচিত।

**অতিরিক্ত তথ্য:** রক্ষণাবেক্ষণ কাজ চলাকালীন সময়ে যদি ইকুইপমেন্টগুলো সক্রিয় বা লাইভ থাকে (মেশিনটি চালু বা এর মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হচ্ছে এমন যদি থাকে), তাহলে "Yes" উত্তর দিন।

**নোট:** বিশেষ ধরণের মেশিন বা সরঞ্জাম ইনস্টলেশন/চালনা/রক্ষণাবেক্ষণের জন্য যদি ফেসিলিটির লিগ্যালী রিকয়ারড আপ-টু-ডেট পারমিট/ সার্টিফিকেট/ লাইসেন্স থাকে তাহলে বৈদ্যুতিক সরঞ্জামগুলির রক্ষণাবেক্ষণ প্রশিক্ষিত এবং দক্ষ লোক দ্বারা পরিচালনা করা উচিত।

# স্টেপ ৩: এডভান্সড

স্টেপ ৩ এমন কিছু প্রশ্ন সন্নিবেশ করেছে যেগুলো আইন-কানুনের বাইরে গিয়ে সামাজিক দায়িত্ববোধ থেকে শ্রমিকদের মঙ্গল কামনা এবং সাম্প্রদায়ীক চেতনাকে উন্নত করে|

**২২২৯**
অতিরিক্ত সম্ভাব্য প্রশ্ন

**৯৫২**
উত্তর প্রদানকৃত প্রশ্নের গড় সংখ্যা

স্টেপ ৩  এর প্রশ্নগুলো নিচের সেকশনগুলোতে পাওয়া যায়:

মজুরি এবং সুবিধা| ওয়ার্কার ট্রিটমেন্ট | ওয়ার্কার ইনভলবমেন্ট | স্বাস্থ্য এবং সুরক্ষা ম্যানেজমেন্ট সিস্টেম | এবাভ অ্যান্ড বিয়ন্ড

# Question: AB-WOR-1-1

## এবাভ অ্যান্ড বিয়ন্ড

ফেসিলিটি তাদের শ্রমিকদেরকে ডেভেলপমেন্ট প্রোগ্রামগুলির মধ্যে নিম্নোক্ত কোনটি প্রদান করে? (যেগুলো প্রযোজ্য, সেগুলোকে "X" দিয়ে সিলেক্ট করুন):

- ❑ স্বাস্থ্য শিক্ষা

## ভুলধারণা

✗ ফেসিলিটি শ্রমিকদেরকে স্বাস্থ্য ও নিরাপত্তার ওপর প্রশিক্ষণ প্রদান করে, তাই তারা তালিকা থেকে "Health Education" সিলেক্ট করে।

**টিপ:** সবসময় "মোর ইনফো" চেক করার বিষয়টা মনে রাখতে হবে!

## সঠিক নির্দেশনা

✓ স্বাস্থ্য ও নিরাপত্তা প্রশিক্ষণ এই স্বাস্থ্য শিক্ষা প্রোগ্রামের আওতায় পড়ে না।

✓ যদি ফেসিলিটির কোন ডেভেলপমেন্ট প্রোগ্রাম না থাকে, তাহলে "None of the above" সিলেক্ট করতে হবে।



# প্রশ্ন?

# ওয়েবিনার রেকর্ডিং


ই-লার্নিং, গেটওয়ে এবং বেটার ওয়ার্ক রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পর্কে আরও জানতে চান?

২০২২ সালের বাংলা ওয়েবিনার রেকর্ডিং দেখতে এসএলসিপি হেল্পডেস্ক ভিজিট করুন|




SOCIAL & LABOR CONVERGENCE

# যদি আপনি কোন অসুবিধায় পরেন




www.slconvergence.org/helpdesk



Elizabeth Otten




Han Nguyen



Jessica Jia



Reshma KT



Sevinc Aktas Ilgun



Urtty Majumder

SOCIAL & LABOR CONVERGENCE

# আপনার ফিডব্যাক শেয়ার করুন

ভবিষ্যৎ ট্রেনিং কর্মসূচী ভালো করার জন্য সার্ভের মাধ্যমে
আপনার মতামত দিন

আপনি আপনার নাম প্রকাশ না করেই এটি করতে পারবেন ।





# ধন্যবাদ!

SOCIAL & LABOR
CONVERGENCE